



# বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণাগার

## রাজশাহীর নাগরিক সেবাসমূহ

প্রযুক্তি উদ্ভাবন এবং হস্তান্তর  
বিজ্ঞান ও শিল্প গবেষণার মাধ্যমে স্থানীয়  
কাঁচামালের যথাযথ ব্যবহার ও কর্মসংস্থানে সৃষ্টির  
লক্ষে পরিবেশ বান্ধব প্রযুক্তির উদ্ভাবন, দেশীয় শিল্পদ্রব্যের  
মান উন্নয়ন, মান নিশ্চিত করণ এবং শিল্প কারখানায় প্রযুক্তিগত  
সহায়তা প্রদান ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোক্তাদের কাছে কুটির শিল্প  
উপযোগি উদ্ভাবিত পণ্যসমূহ (খাদ্য সম্পূরক, প্রসাধনী সামগ্রী ভেজ  
গণ ইত্যাদি) এর প্রযুক্তি হস্তান্তর করে বেকারত্ব দূরীকরণ ও  
নারী কর্মসংস্থান বৃদ্ধির মাধ্যমে দারিদ্র বিমোচন এবং  
আর্থ সামাজিক উন্নয়নে সহায়তা প্রদান।

### জনসচেতনতা

দেশের বিভিন্ন স্থানের সেমিনার, সিম্পোজিয়াম এবং  
প্রদর্শনীয় আয়োজনের মাধ্যমে অত্র গবেষণাগার কর্তৃক  
লাভসই প্রযুক্তি সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি।

### গবেষণা ও মানব সম্পদ উন্নয়ন

মৌলিক গবেষণার মাধ্যমে গবেষণালব্ধ ফলাফল  
দেশী-বিদেশী জার্নালে প্রকাশ করা হয় যা উচ্চ শিক্ষার্থী ও  
গবেষকদের রেফারেন্স হিসেবে ব্যবহৃত হয়, মানব জাতির জ্ঞান  
বিকশিত করতে ও পরিশোধিত হতে সহযোগিতা প্রদান,  
বিশ্ববিদ্যালয়ে এমফিড/পিএইচডি গবেষকদের গবেষণা কার্যক্রম  
পরিচালনা, নির্দেশনা ও গবেষণাগারের যন্ত্রপাতি এবং  
লাইব্রেরী ব্যবহারের সুবিধা প্রদান করে মানব সম্পদ  
উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন।

### বিশ্লেষণমূলক কাজ

জনস্বার্থে অত্যাধুনিক যন্ত্রপাতির (LC-MS, GC-MS,  
Lon-Trap-MS, AAS, UV-VIS Spectrophotometer,  
Protein Analyzer, BOD Meter COD Meter ইত্যাদি)  
মাধ্যমে বিভিন্ন খাদ্য উপাদান, তেলে ফ্যাটিএসিড, খাদ্যদ্রব্যের হেভি-মেটাল,  
ভেজাল ও ক্ষতিকারক উপাদান নির্ণয় এবং শিল্পে ব্যবহৃত কাঁচামাল কেমিক্যাল,  
পানি ইত্যাদির বিশ্লেষণ সেবা প্রদান। PCR ব্যবহার করে খাদ্যের হালাল-হারাম  
নির্ধারণ, খাদ্যের জীনগত পরিবর্তন (GMO) এর উপস্থিতি, বার্ড-ফ্লু নির্ণয় এবং  
অন্যান্য মাইক্রোবায়োলোজিক্যাল সেবা প্রদান, আমদানীকৃত ও  
রপ্তানীযোগ্য পণ্যের মান পরীক্ষণের মাধ্যমে রাজস্ব পেতে  
সরকারকে সহযোগিতা প্রদান।

### বিজ্ঞান সচেতনতা সৃষ্টি

তরুণ প্রজন্মকে বিজ্ঞানমনস্ক করার লক্ষ্যে বার্ষিক বিজ্ঞান  
মেলায় আয়োজন; স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের  
শিক্ষার্থী-শিক্ষকগণকে তাদের শিক্ষা সফরের অংশ হিসেবে  
গবেষণাগারের অত্যাধুনিক যন্ত্রপাতি ও গবেষণা  
কর্মকর্তা পরিদর্শনের সুযোগ প্রদান।

### জীব বৈচিত্র্য ও পরিবেশ সংরক্ষণ

প্রাকৃতিক জীববৈচিত্র্যের ভারসাম্য রক্ষায় সহায়ক জৈবসার,  
কীট-পতঙ্গ রিপেলেন্ট, বায়ো পেস্টিসাইড উদ্ভাবন এবং  
উর্ধ্ব গুণসম্পন্ন বিলুপ্ত প্রায় উদ্ভিদের সংরক্ষণ।

### টেকনিক্যাল ব্যাকআপ সার্ভিস

বাংলাদেশ সমরাস্ত্র কারখানায় ব্যবহার্য মোমবিহীন টাচ  
সরবরাহ এবং অন্যান্য রাষ্ট্রীয় কাজে কারিগরি সহায়তা ও  
পরামর্শ প্রদান, বরেন্দ্র প্রকল্পের গভীর/অগভীর  
নলকূপের পানি ও বালি নমুনা বিশ্লেষণের মাধ্যমে  
প্রকল্প বাস্তবায়নে সহযোগিতা প্রদান।